



তারিখঃ ০১/১১/২০২৩খ্রি.

উপবৃত্তি সংক্রান্ত নোটিশ

শায়েস্তাগঞ্জ ডিগ্রি কলেজের ২০২৩-২৪ইং শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট' কর্তৃক সমন্বিত উপবৃত্তির কর্মসূচির আওতায় উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচনের জন্য নির্ধারিত আবেদন ফরম কলেজের ওয়েব সাইট হতে সংগ্রহ করে নির্ভুলভাবে পূরন করে নিম্নলিখিত তারিখ অনুযায়ী জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

(ক) আবেদন ফরম সংগ্রহ: কলেজের নির্ধারিত ওয়েব সাইট www.shaistaganjdegreecollege.edu.bd

(খ) আবেদনপত্র গ্রহণের তারিখ: ০৫/১১/২০২৩ইং হতে ০৯/১১/২০২৩ইং পর্যন্ত।

(গ) আবেদনপত্র গ্রহণের স্থান ও সময়: কলেজ অফিস। সকাল ১০.০০ হতে বিকাল ০৩.০০ পর্যন্ত।


আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র জমা প্রদান করতে হবে:-

- ০১। শিক্ষার্থী কর্তৃক সঠিকভাবে পূরনকৃত উপবৃত্তির আবেদন ফরম ০১ সেট;
- ০২। সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০১ কপি;
- ০৩। শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদের ফটোকপি ০১ কপি (জন্মনিবন্ধন সনদ অবশ্যই ১৭ সংখ্যার হতে হবে);
- ০৪। পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ০২ কপি (জাতীয় পরিচয়পত্র অবশ্যই ১০/১৭ সংখ্যার হতে হবে);
- ০৫। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (জাতীয় পরিচয়পত্র অবশ্যই ১০/১৭ সংখ্যার হতে হবে);
- ০৬। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি ০১ কপি।

উপবৃত্তি প্রাপ্তির নির্দেশনাবলী:-

- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর;
- একই মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর এশাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা;
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;
- স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে;
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না;
- সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে;
- উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।

বিঃদ্রঃ- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও অসংগতিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।


(মোঃ আজিজুল হাছান চৌধুরী)
ইনডেক্স নং-০১৯৫৫০
অধ্যক্ষ
শায়েস্তাগঞ্জ ডিগ্রি কলেজ
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।